

তাগিদ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০.১০৭.৯৯.৫৭.২০১৬- ২২৬২



তারিখ : ২২/০৫/২০১৯ খ্রি:

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এ স্কুল পর্যায়ে সহশিক্ষা অনুমোদিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরে সহকারী শিক্ষক (কৃষি/গার্হস্থ্য) এবং আয়া পদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সহশিক্ষা অনুমোদনসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সকল প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (কৃষি/গার্হস্থ্য) এবং আয়া পদে এম.পি.ও. বিহীন শিক্ষক-কর্মচারীদের প্রতিষ্ঠান ভিত্তিক শূন্য পদের তালিকা, কৃষি ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের অনুমোদন পত্র এবং সহশিক্ষা পরিচালনার অনুমোদন পত্র জরুরী ভিত্তিতে নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ১৪/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত কিছু কিছু জেলা ব্যতীত উক্ত তথ্য জেলা শিক্ষা অফিস থেকে অত্র দণ্ডের প্রেরণ করা হয়নি। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিধায় যে সকল জেলা শিক্ষা অফিসার উক্ত তথ্য এখন পর্যন্ত অত্র দণ্ডের প্রেরণ করেননি তাঁদেরকে আগামী ২৭/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত ছক মোতাবেক জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

‘ছক’

ক্রঃ নং	বিদ্যালয়, উপজেলা ও জেলার নাম	নিয়োগকৃত/শূন্য পদের নাম (নিয়োগকৃত এম.পি.ও.বিহীন হলে শিক্ষক-কর্মচারীর নাম)	সহশিক্ষা অনুমোদনের (প্রযোজ্য ক্ষেত্রে) স্মারক ও তারিখ	কৃষি/গার্হস্থ্য বিষয় অনুমোদনের স্মারক নং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)	মন্তব্য


 (মোঃ আফসার উদ্দিন)

 শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক-২)
edudshessecondary2@gmail.com

চাহিত তথ্যাদি :

- ১। প্রতিষ্ঠানের সহশিক্ষা অনুমোদন পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ২। কৃষি/গার্হস্থ্য বিজ্ঞান বিষয় অনুমোদনের কপি
- ৩। নিয়োগকৃত (এমপিওবিহীন) শিক্ষক/কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত কাগজপত্র

জেলা শিক্ষা অফিসার (সকল)

[তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের চাহিত তথ্য ‘ছক’ মোতাবেক
হার্ডকপি ও সফটকপি (NikoshBan ফন্ট-এ word file-এ)
edudshessecondary2@gmail.com ই-মেইল এ প্রেরণ করার অনুরোধসহ]

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যোতির ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
(প্রতিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ৪। সভাপতি/প্রধান শিক্ষক.....
- ৫। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬। সংরক্ষণ নথি